ঝিনাইদহে পোষা সাপের কামড়ে প্রাণ গেল সাপুড়ের

ঝিনাইদহে সাপের কামড়ে তরিকুল ইসলাম ওরফে তুফান (৩০) নামে এক সাপুড়ের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার (৩ ফেব্রুয়ারি) দিবাগত রাতে সদর উপজেলার কোলা গ্রামের নিজ বাড়িতে এ ঘটনা ঘটে। তিনি একই গ্রামের আলফাজ উদ্দিনের ছেলে। এ ঘটনায় পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, তরিকুল ইসলাম ওরফে তুফান শখের বসে গোখরা সাপ নিয়ে বিভিন্ন সময় খেলাধুলা করতো এবং মানুষকে খেলা দেখাতো। সাপ ধরে নিজের সংগ্রহে রাখতো, অনেক সময় পকেটেও সাপ নিয়ে ঘুরতো। শনিবার সন্ধ্যায় নিজের বাড়িতে থাকা সাপ নিয়ে খেলতে গিয়ে কামড় খায়। নিজের জানা মন্ত্র পড়ে ঝাড়ফুঁক দিয়ে বাচার চেষ্টা করে তবে তাতে কাজ হয় না। পরে বিষয়টি পরিবারকে জানালে তারা প্রথমে সদর উপজেলার ডাকবাংলা এলাকায় এক ওঝার কাছে নিয়ে যায়। ওই ওঝাকে দিয়ে বিষ নামানোর চেষ্টা করা হয়, কিন্তু তাতেও কাজ হয় না। তখন পরিবারের লোকেরা সেখান থেকে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়ার পথে তুফানের মৃত্যু হয়।

পারিবারিক সূত্রে আরও জানা যায়, তাকে যে সাপে কামড় দিয়েছে সেই সাপ নেপাল থেকে কিনে আনা। সাপটি নিয়ে সে সব সময় ঘুরতো বলে জানা যায়।

ঝিনাইদহে নিহত আওয়ামী লীগ কর্মীর বাড়িতে কেন্দ্রীয় বিএনপির ভাইস চেয়ারম্যান

ঝিনাইদহে নির্বাচনের একদিন পর দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের

আঘাতে নিহত বরুণ ঘোষের বাড়ি গেলেন বিএনপির ভাইস চেয়ারম্যান নিতাই রায় চৌধুরীসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

আ্জ শনিবার (৩ ফেব্রুয়ারি) দুপুরে ঝিনাইদহ শহরের হামদহে নিহত আওয়ামী লীগ কর্মী বরুণ ঘোষের বাড়ি গিয়ে স্বজনদের সাথে সাক্ষাত করেন নেতৃবৃন্দ। সেসময় বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক ব্যারিস্ট্রর রুহুল কুদ্দুস কাজল, বিএনপির সহ-ধর্ম বিষয়ক সম্পাদক অমলেন্দু দাস অপু, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও ঢাকা জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. নিপুণ রায় চৌধুরী, যুবদলের সহ-আইন বিষয়ক সম্পাদক এডভোকেট নুরে আলম সিদ্দিকী সোহাগ, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

নেতৃবৃন্দ নিহত বরুণ ঘোষের স্ত্রী, কণ্যাসহ পরিবারের সদস্যদের সাথে কথা বলেন। সেই সাথে তাদের আইনগতসহ সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন।

শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে নিতাই রায় চৌধুরী বলেন, আওয়ামী লীগ নির্বাচনী নাটক সাজাতে গিয়ে সংখ্যালঘুদের উপর নির্যাতন করছে। তারা সময় সময় সাম্প্রদায়িকতা সৃষ্টি করে। এবারের নির্বাচন মানুষ বয়কট করেছে। তারা নির্বাচনকে কাজে লাগিয়ে সারা দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাচন চালিয়ে যাচ্ছে। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়।

উল্লেখ্য, গত ৯ জানুয়ারি সন্ধ্যায় শহরের হামদহ এলাকার আওয়ামী লীগ কর্মী বরুণ ঘোষকে কুপিয়ে গুরুতর আহত করে দুর্বৃত্তরা। পরে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

হরিণাকুণ্ডুয় বৃদ্ধাশ্রমে

শীতবস্ত্র বিতরণ

মাঘের এই হিমেল হাওয়া ও কনকনে শীতে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার জোড়াপুকুরিয়া গ্রামের বৃদ্ধা শ্রমে অসহায়, ছিন্নমূল ও দু:স্থ্য নারীদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

শনিবার (৩ ফেব্রুয়ারী) কাজী মোহাম্মদ আলী পিকুর আর্থিক সহযোগীতায় এবং ঝিনাইদহের স্বেচ্ছাসেবী সংগঠন স্বপ্ন সারথীর উদ্যোগে এ শীত বস্ত্র (কম্বল) বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বপ্ন সারথীর সভাপতি ড. তপন কুমার গাঙ্গুলী, সহ সভাপতি বিশিষ্ট কৌতুক অভিনেতা হুমায়ুন কবিরী টুকু, সাধারণ সম্পাদক প্রভাষক কাজী মোহাম্মদ আলী পিকু, কার্যকরী সদস্য সাংবাদিক মোঃ শাহানুর আলম, কার্যকরি সোহেল রানা ও বৃদ্ধাশ্রমের প্রতিষ্ঠাতা ইসমত আরা।

সেসময় প্রায় শতাধিক অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষদের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীত বস্ত্র (কম্বল) পেয়ে বৃদ্ধাশ্রমের অসহায় মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

দেশে যে চাউল আছে তাতে আমদানী করার প্রয়োজন নেই – খাদ্যমন্ত্রী

দেশে যে চাউল আছে তাতে আমদানী করার প্রয়োজন নেই। যেন চাউলের বাজার নিয়ে ম্যাসাকার না হয়ে যায় সেজন্য বেসরকারি ভাবে চাউল আমদানীতে ট্যাক্স ফ্রি করা হচ্ছে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

আজ বৃহস্পতিবার (১ফেব্রুয়ারি) সন্ধ্যায় ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চালকল মালিকদের সাথে মতিবিনিময় শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

চাউলের বাজারের অস্থিরতা নিয়ে মন্ত্রী ব্যবসায়ীদের লোভ লালসা সুযোগকে দায়ী করে বলেন আমরা মোবাইল কোর্ট করে কাউকে অপমানিত করতে চাই না। যদি কেউ বাধ্য করে তাহলে তো করতেই হয়।

বিকেলে জেলা প্রশাসক এস. এম রফিকুল ইসলামের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চালকল মালিকদের সাথে মতিবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী স্বাধন চন্দ্র মজুমদার।

সেসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই, জেলা পুলিশ সুপার আজিম-উল-আহসান, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীসহ জেলা উপজেলা প্রশাসনের কর্মকর্তা, জেলা চালকল মালিক ও সাংবাদিকবৃন্দ।

ঝিনাইদহের পরকীয়ার জেরে চাচাকে কু*পিয়ে হ*ত্যা

ঝিনাইদহের শৈলকুপায় উপজেলায় পরকীয়া প্রেমের জের ধরে চাচা লাল্টু মোল্লা (৩২) কে কুপিয়ে হত্যা করেছে ভাতিজা আসাদ ও মিরাজ।

আজ বৃহস্পতিবার (১ ফেব্রয়ারি) দুপুরে উপজেলার কাকুড়াডাংগা গ্রামে এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয়রা জানায়, বৃহস্পতিবার দুপুরে ওই গ্রামের মাঠ থেকে কাজ শেষে বাড়ি ফিরছিলেন চাচা লাল্টু মোল্লা। পথে তার প্রতিবেশি ভাতিজা আসাদ ও মিরাজ তাকে কুপিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত লাল্টু মোল্লা গত বছর পরকীয়া প্রেমে জেরে বড় ভাবিকে নিয়ে পালিয়ে বিয়ে করেন। এনিয়ে একই দুই পরিবারের মাঝে বিরোধ চলে আসছিল। তার জের ধরে এই হত্যা কাণ্ড ঘটে।

শৈলকুপায় থানার ওসি শফিউল ইসলাম চৌধুরী জানান, খবর পেয়ে

ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তবে পরকীয়া প্রেমের জের ধরে এ হত্যাকান্ড ঘটেছে বলে আমরা প্রাথমিক ভাবে ধারণা করছি। নিহতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে মামলা নেওয়া হবে।

ঝিনাইদহে হোমবেইজড গার্মেন্টসের উদ্যোগে উদ্যোক্তা মেলা

ঝিনাইদহে দিনব্যাপী অনুষ্ঠিত হয়েছে হোমবেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের তৈরী পণ্য নিয়ে উদ্যোক্তা মেলা।

আজ বৃহস্পতিবার সকাল থেকে বিকাল পর্যন্ত সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়নের কোরাপাড়া গ্রামে এ উদ্যোক্তা মেলা অনুষ্ঠিত হয়।

অক্সফ্যাম ইন বাংলাদেশ এর সহায়তায় ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর আয়োজনে ‘সমৃদ্ধি’ প্রকল্পের অধিনে এ মেলা হয়। দিনব্যাপী এই উদ্যেক্তা মেলায় পাগলাকানাই ইউনিয়নের বিভিন্ন গ্রামের ২২০ জন নারী তাদের উৎপাদিত পণ্য নিয়ে স্টল প্রদর্শন করেন। স্কুল ড্রেস, ফতুয়া, ফ্রক, টেপ, ব্লাউজ, মেক্সিসহ অন্তত ২০ প্রকার পণ্য প্রদর্শিত হয় উদ্যোক্তা মেলায়। যা দেখতে ভীড় করে ওই এলাকার শতাধিক নারী ও পুরুষ। প্রধান অতিথি হিসেবে মেলার শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ সদর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত।

এছাড়া বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, বিশিষ্ট সমাজসেবক আমিনুর রহমান টুকু, ওয়েলফেয়ার এফোর্টস (উই) এর পরিচালক শরিফা খাতুন, সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন.এম.শাহাজালাল।

আলোচকগণ হোমবেইজড গার্মেন্টস নারী শ্রমিকদের নিরাপদ জীবন বির্নিমানে ব্যক্তি. সমাজ ও রাষ্ট্রের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট

সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের প্রতি জোর দাবী জানান। তাদের অধিকার প্রতিষ্ঠায় নিজ নিজ অবস্থান থেকে ভুমিকা রাখার প্রতি গুরুত্ব আরোপ করেন। এই ধরণের মেলা বেশী বেশী হওয়া দরকার বলে মেলায় অংশগ্রহনকারীরা মনে করেন।

ঝিনাইদহে মালিতা ফাউন্ডেশনের উদ্যোগে শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ

উত্তরের হিমেল হাওয়া আর কনকনে শীতে ঝিনাইদহে অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। মালিতা ফাউন্ডেশনের উদ্দ্যোগে আজ বৃহস্পতিবার বিকালে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের উদ্ধোধন করেন মালিতা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ও আন্তর্জাতিক মানবাধিকার কর্মী আনোয়ারুজ্জামান আজাদ চঞ্চল।

সেসময় প্রায় ৪ শতাধিক অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীত বস্ত্র পেয়ে অসহায় হতদরিদ্র মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

উল্লেখ্য, ২০২৩ সালে প্রয়াত ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আমির হোসেন মালিতার স্মরণে আত্ম মানবতার সেবায় মালিতা ফাউন্ডেশনের যাত্রা শুরু করে।

এপেক্স ক্লাব অব ঝিনাইদহের উদ্যোগে শীর্তাতদের মাঝে শীত বস্ত্র বিতরণ

উত্তরের হিমেল হাওয়া আর কন কনে শীতে অসহায়, গরীব ও দু:স্থ্য শীতার্ত মানুষদের মাঝে একটু উঞ্চতা দিতে এপেক্স ক্লাবের উদ্যোগে শীত বস্ত্র (কম্বল) বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (৩১ জানুয়ারি) বিকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এপেক্স ক্লাব অব ঝিনাইদহের উদ্যোগে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাবেক প্রেসিডেন্ট এপেক্সসিয়ান নাজিম উদ্দীন জুলিয়াস।

এসময় উপস্থিত ছিলেন সিনিয়র এপেক্সসিয়ান ফ্লোর মেম্বর এমএ কাইয়ুম মুক্ত, সাবেক প্রেসিডেন্ট আইপিপি এম রায়হান, বর্তমান প্রেসিডেন্ট আবুল কালাম আজাদ, সাবেক সেক্রেটারী এপেক্সসিয়ান শহিদুল ইসলাম টিটু, কোষাধ্যক্ষ কে এম সালেহ, ফেলোসিপ পাবলিক রিলেশন ডাইরেক্টর শাহানুর আলম, বর্তমান সেক্রেটারি তরিকুল ইসলাম দিদার সহ অন্যান্যরা।

সে সময় ঝিনাইদহ শহরের ১’শত শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।

ঝিনাইদহে ৭টি ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের অভিযান ও জরিমানা

ঝিনাইদহের হরিনাকুন্ডু ও শৈলকুপা উপজেলায় ৭ টি অবৈধ ইটভাটায় অভিযান চালিয়ে ১৯ লক্ষ টাকা জরিমানা আদায় করেছে পরিবেশ অধিদপ্তরের ভ্রাম্যমান মোবাইল কোর্ট।

এসময় শৈলকূপা উপজেলার মদনডাঙ্গায় স্কুলের সাথে অবস্থিত অবৈধ ১টি ইটভাটা ও হরিনাকুন্ডু উপজেলায় ১টি অবৈধ ইটভাটা এস্কেভেটর দিয়ে ভেঙে গুড়িয়ে দেওয়া হয়েছে।

আজ বুধবার (৩১ জানুয়ারি) বিকেলে এ অভিযান পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম।

ঝিনাইদহ পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মুন্তাছির রহমান জানান, এমন অভিযান জেলার সকল অবৈধ ইটভাটায় পর্যায়ক্রমে পরিচালনা করা হবে।

ঝিনাইদহে বিজ্ঞান ও প্রযুক্তি মেলার সমাপনী ও পুরস্কার বিতরণী

বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি দেশ ব্যাপী শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞানচর্চায় ঝিনাইদহে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ (৪৫তম বিজ্ঞান মেলা)-২০২৪ এর সমাপনীতে পুরষ্কার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বরের এ মেলার সমাপনী এবং পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস. এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমি, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেখ মোঃ কামরুজ্জামানসহ সদর উপজেলার বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা সিনিয়র মৎস্য

কর্মকর্তা গোলাম সরোয়ার। মেলায় সদর উপজেলার স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।